


প্রকাশ : ১ ডিসেম্বর, ২০১৭ ১৮:৩৫
আপডেট : ১ ডিসেম্বর, ২০১৭ ১৮:৪০

অনলাইন
ভার্সন

Share
প্রিন্ট করুন 

'আনিসুল হকের মৃত্যুতে যে ক্ষতি হল তা অপূরণীয়'

| নিজস্ব প্রতিবেদক



সংগৃহীত ছবি

ঢাকা উত্তর সিটি করপোরেশনের (ডিএনসিসি) প্রয়াত মেয়র আনিসুল হককে স্মরণ করতে গিয়ে আবেগে আপ্লুত হয়ে পড়েন ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের মেয়র মোহাম্মদ সাঈদ খোকন। আজ শুক্রবার বিকেলে মেয়র সাঈদ খোকনের বনানীস্থ নিজ বাসভবনে নিহত মেয়র আনিসুল হক

প্রসঙ্গে গণমাধ্যমকর্মীদের কাছে প্রতিক্রিয়া

জানাতে গিয়ে তিনি কেঁদে ফেলেন।

এসময় মেয়র সাঈদ খোকন বলেন, ‘আনিসুল হকের মৃত্যুটা আমাদের জন্য অনেকটাই অপ্রত্যাশিত ছিলো। হঠাৎ করেই তিনি অসুস্থ হয়ে যাবেন এটা কল্পনাও করতে পারিনি। দীর্ঘদিন মৃত্যুর সঙ্গে পাঞ্জা লড়ে আমাদের ছেড়ে চলে যাবেন- এটা আমরা কখনো কল্পনাও করিনি, ভাবতেও পারি না।’

সাঈদ খোকন বলেন, আনিসুল হকের সাথে আমার অত্যন্ত ঘনিষ্ঠ সম্পর্ক ছিলো। প্রতিদিন আমরা সকালে কুশল বিনিময় করতাম। শহরের নানা সমস্যা কীভাবে সমাধান করা যায় সে বিষয়ে খোলামেলা কথা বলতাম। মানুষের সেবার মনোভাব ছিলো আমাদের মধ্যে প্রকট। তার বিভিন্ন কর্মকাণ্ডে আমি অনুপ্রাণিত হই। আবার আমার বিভিন্ন কর্মকাণ্ডেও তিনি অনুপ্রাণিত হতেন। দু’জনে মিলেই দুই-আড়াই বছর সময়ে আমরা যে সমস্যা সমাধান করেছি, পরিবর্তনের ইতিবাচক ধারার সূচনা করতে সক্ষম হয়েছি। হঠাৎ করেই এমন একটা ঘটনা ঘটবে এটা আমার কল্পনারও বাইরে ছিলো। আমরা অত্যন্ত ব্যথিত। আমরা অত্যন্ত শোকাহত। তার যে শূন্যতা, সে শূন্যতা খুব সহজে পূরণ হবে না।

মেয়র সাঈদ বলেন, আনিসুল হক খুব বলিষ্ঠ ও সাহসী মানুষ ছিলেন। শহরে বা সমাজে আনিসুল হকের মতো মানুষ প্রতিদিন জন্মাবে না। তারপরেও আমরা আশা করি যারা দায়িত্বে থাকবেন তারা এ শূন্যতা পূরণ করার চেষ্টা করবেন। আমাদের পক্ষ থেকে তাদের জন্য সাহায্য সহযোগিতা থাকবে। মানুষ সমাজে বাস করলে ভুল ভ্রান্তি করেই থাকে। তাঁর যদি কোনো ভুল হয়ে থাকে আপনারা তা ক্ষমা করে দিবেন। আমি তার ছোট ভাই হিসেবে তার জন্য ক্ষমা চাইছি।

বিডি প্রতিদিন/১ ডিসেম্বর ২০১৭/হিমেল